

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৪১৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৫. দ্বিতীয় অনুচ্ছেদ - খুতবাহ্ ও সালাত

### আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ خُطْبَتَيْنِ كَانَ يَجْلِسُ إِذَا صَعِدَ الْمِنْبَرَ حَتَّى يَفْرُغَ أُرَاهُ الْمُؤَذِّنَ ثُمَّ يَقُومُ فَيَخْطُبُ ثُمَّ يَجْلِسُ وَلَا يَتَكَلَّمُ ثمَّ يقوم فيخطب. رَوَاهُ أَبُو دَاؤد

#### বাংলা

১৪১৩-[১৩] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'টি খুতবাহ্ (ভাষণ) দিতেন। তিনি মিম্বারে উঠে বসতেন। যে পর্যন্ত মুয়াযযিন আযান শেষ না করতেন। এরপর তিনি দাঁড়াতেন ও খুতবাহ্ শুরু করে দিতেন। তারপর আবার বসতেন। এ সময় তিনি কোন কথা বলতেন না। অতঃপর তিনি আবার দাঁড়াতেন ও (দ্বিতীয়) খুতবাহ্ দিতেন। (আবূ দাউদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ১০৯২, সুনানুল কুবরা লিল বায়হাকী ৫৭৪৭, সহীহ আল জামি' ৪৯১৩।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (يَخْطُبُ خُطُبَتَيْنِ) অর্থাৎ জুমু'আর দিনে, যেমন- সহীহ মুসলিমে অনুরূপ বর্ণনা রয়েছে। (كَانَ يَجْلِسُ) অর্থাৎ মিম্বারের উপর বসতেন, (إِذَا صَعِدَ الْمِنْبَرَ) 'উলামাগণ বলেনঃ মিম্বারে খুতবাহ্ দেয়া মুস্তাহাব।

(وَلَا يَتَكَلَّمُ) সুনানে আবী দাউদে রয়েছে, (الْهَلَا يَتَكَلَّمُ) তিনি কোন কথা বলতেন না। আল্লামা জাযূরী (রহঃ) অনুরূপ বর্ণনা করেছেনঃ অর্থাৎ উক্ত বৈঠকে (দু' খুতবার মাঝে) তিনি মনে মনে যিকর, দু'আ ও তিলাওয়াত ছাড়া কোন কথা বলতে না। ইবনু হিকানে রয়েছে যে, এ বৈঠকে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিতাবুল্লাহ তিলাওয়াত করতেন। আর প্রথম কিরাআত (কিরআত) হলো সূরাহ্ আল ইখলাস।

হাফিয আসক্কালানী (রহঃ) বলেনঃ (فَلَا يَتَكَلَّمُ) দ্বারা বুঝা যায় যে, দু' খুতবার মাঝের বৈঠক অবস্থায় কোন কথা



বলা যাবে না। তবে মনে মনে আল্লাহর যিকর ও দু'আ পড়তে কোন বাধা নেই। (আল্লাহ তা'আলাই ভাল জানেন)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

 $\textit{\textbf{\textit{9}}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 55973$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন